

আগামী বছর মাধ্যমিকের বার্ষিক পরীক্ষা যথন থেকে শুরু

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ০১:৩৮, ২৪ ডিসেম্বর ২০২৪



মাধ্যমিকের বার্ষিক পরীক্ষা

২০২৫ সালের মাধ্যমিক স্তরের একাডেমিক পরীক্ষার সময়সূচি ঘোষণা করা হয়েছে। সোমবার (২৩ ডিসেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে।

UNIBOTS

প্রজ্ঞাপন থেকে জানা গেছে, আগামী বছর ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের অর্ধবার্ষিক পরীক্ষা শুরু হবে ২৪ জুন, যা চলবে ১০ জুলাই পর্যন্ত। একই সময়ে দশম শ্রেণিতে প্রাক-নির্বাচনী পরীক্ষা নেয়া হবে। ২৭ জুলাইয়ের মধ্যে অর্ধবার্ষিক ও প্রাক-নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশ করতে হবে।

আর দশম শ্রেণিতে নির্বাচনী পরীক্ষা শুরু হবে ১৬ অক্টোবর। এ পরীক্ষা চলবে ৩ নভেম্বর
পর্যন্ত। নির্বাচনী পরীক্ষার ফলাফল ১০ নভেম্বরের মধ্যে প্রকাশ করতে হবে।

এ ছাড়া ষষ্ঠ থেকে নবম শ্রেণিতে আগামী শিক্ষাবর্ষে বার্ষিক পরীক্ষা শুরু হবে ২০ নভেম্বর, যা
চলবে ৭ ডিসেম্বর পর্যন্ত। এ পরীক্ষার ফল ৩০ ডিসেম্বরের মধ্যে প্রকাশ করতে হবে। প্রত্যেকটি
পরীক্ষা ১২ কর্মদিবসের মধ্যে শেষ করতে হবে।